

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৩৭৪

তেলিয়ামুড়া, ২৬ সেপ্টেম্বর, ২০২৪

শিশু সুরক্ষা নিয়ে খোয়াই জেলাভিত্তিক কর্মশালা

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের খোয়াই জেলা শিশু সুরক্ষা ইউনিটের উদ্যোগে গতকাল শিশু সুরক্ষা নিয়ে খোয়াই জেলাভিত্তিক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। মুঙ্গিয়াকামী ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত এই কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলাশাসক ও সমাহর্তা চাঁদনী চন্দ্রন। কর্মশালায় শিশুশ্রম, বাল্যবিবাহ রোধ সহ শিশুদের সার্বিক বিকাশ ও সুরক্ষার উপর গুরুত্ব আরোপ করা হয়। কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে জেলাশাসক বলেন, শিশুশ্রম ও বাল্যবিবাহ রোধে আমাদের সবাইকে আরও সচেতন ও সতর্ক হতে হবে। শুধুমাত্র প্রশাসন ও পুলিশ দিয়ে এসব সামাজিক সমস্যা রোধ করা সম্ভব নয়। এজন্য অভিভাবকদের এগিয়ে আসতে হবে। শুধুমাত্র আইন দিয়ে এসব সামাজিক ব্যাধি নির্মূল করা সম্ভব নয়। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন খোয়াই জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা কার্যালয়ের পরিদর্শক সুজিত দাস। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার ২০১৫ সালে ‘বেটি পড়াও বেটি বাঁচাও’ নামে একটি কর্মসূচির সূচনা করে। এই কর্মসূচির মূল লক্ষ্য ছিল শিশু ও মহিলাদের বিকাশ এবং সুরক্ষা।

কর্মশালায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক পরিমল মজুমদার, এসডিপিও পান্নালাল সেন, মুঙ্গিয়াকামী ব্লকের বিডিও দীপ্তনু দেববর্মা, সিডিপিও অজিত জমাতিয়া প্রমুখ। কর্মশালার শেষে খোয়াইয়ের গণকী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বাল্যবিবাহ প্রতিরোধের উপর একটি নাটক মঞ্চস্থ করে।
